

Subject : Bengali Text

Date : 09.05.2020

Topic : শিকারী মানুষের যুগ (গদ্য)

১) অর্থ লেখ।

- ক) অস্ত্র — হাতিয়ার।
খ) ঝলসিয়ে — আগুনের তাপে সেকে।
গ) গুহা — কোটর।
ঘ) সামগ্রী — জিনিস।
ঙ) সূত্রপাত — সূচনা।

২) বিপরীত শব্দ লেখ।

শব্দ	বিপরীত শব্দ
ক) শীত	গ্রীষ্ম
খ) যুদ্ধ	শান্তি
গ) কাঁচা	পাকা
ঘ) সুবিধা	অসুবিধা
ঙ) সুন্দর	কুৎসিত

৩) শূন্যস্থান পূরণ কর।

- ক) মানুষের ছিল বুদ্ধি ও দল বাঁধার ইচ্ছা।
খ) কাঠে কাঠে ঘষে আদিম মানুষ আগুন জ্বালাত।
গ) মানুষ সভ্যতার দ্বিতীয় ধাপে প্রবেশ করে নতুন পাথরের যুগে।
ঘ) তখনকার দিনের ভয়ংকর পশুদের প্রায় কেউই আজকাল আর নেই।
ঙ) চাষবাস করতে শিখে মানুষ নতুন যুগের সূত্রপাত করল।

৪) নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

- ক) শীত থেকে বাঁচবার জন্য আদিম মানুষ কী করত?
উঃ শীত থেকে বাঁচবার জন্য আদিম মানুষ পশুর হাড় বা শিং দিয়ে সুচ বানিয়ে চামড়া সেলাই করে পরত।
খ) সেকালের সবচেয়ে বড়ো আবিষ্কার কোনটি?
উঃ সেকালের সবচেয়ে বড়ো আবিষ্কার হল আগুন জ্বালানো।
গ) সেই আবিষ্কারকে মানুষ কোন্ কোন্ কাজে লাগিয়েছিল?
উঃ সেই আবিষ্কারকে মানুষ শীত থেকে নিজেকে বাঁচবার কাজে, মাংস ঝলসিয়ে খাবার ও ভয়ংকর পশুদের তাড়াবার কাজে লাগিয়েছিল।
ঘ) কোন্ সময়কে পাথরের যুগ বলা হয়?
উঃ যে সময় মানুষ গুহায় বাস করত এবং পশুপাখি শিকার করে ও মাছ ধরে জীবন ধারণ করত সেই সময়টাকে পাথরের যুগ বলা হয়।
ঙ) পাথরের যুগের কটি ভাগ? কী কী?
উঃ পাথরের যুগের দুটি ভাগ। পুরানো পাথরের যুগ, নতুন পাথরের যুগ।